

টয়ট্রেন বন্ধ থাকলেও ধুমধাম করে বিশ্বকর্মাপুজোর আয়োজন। শিলিগুড়িতে বুধবার। -সূত্রধর

## মাথার পেছনে গভীর ক্ষত

# জলের ড্রামে তরুণের দেহ

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** ডাম্পিং গ্রাউন্ড সংলগ্ন ইস্টার্ন বাইপাসে গ্যারাজের জলের ড্রামের মধ্য থেকে বুধবার এক তরুণের দেহ উদ্ধার হল।

মৃত ওই তরুণের নাম শ্রীরাম বর্মন (২৪)। তাঁর বাড়ি শহিদ কলোনি এলাকায়। মৃতের মাথার পেছনে গভীর ক্ষত পাওয়া গিয়েছে। ওই তরুণকে খুন করা হয়েছে বলে স্থানীয় বাসিন্দাদের অভিমত। বৃহস্পতিবার শ্রীরামের দেহ ময়নাতদন্ত করা হবে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে। ময়নাতদন্তের রিপোর্ট এলে তরুণের মৃত্যুর কারণ জানা যাবে বলে মনে করা হচ্ছে। ইতিমধ্যে এই ঘটনার তদন্ত শুরু করেছে ভক্তিনগর থানার পুলিশ।

শ্রীরামের দেহ যে গ্যারাজে পাওয়া গিয়েছে, সেই কমপাউন্ডে আরও কয়েকটি গ্যারাজ রয়েছে। মঙ্গলবার রাতে শ্রীরাম ওই কমপাউন্ডের একটি গ্যারাজে তাঁর দুই বন্ধু ও এক টোটোচালককে নিয়ে পার্টি করছিলেন। বুধবার সন্ধ্যায় ওই গ্যারাজের পাশের গ্যারাজের জলের ড্রাম থেকে তরুণের দেহ উদ্ধার হয়। দেহ উদ্ধারের পর যে তিনজনের সঙ্গে শ্রীরাম পার্টি করছিলেন, তাঁদের মধ্যে একজন উধাও হয়ে যান। বুধবার সকালেও অবশ্য তাঁকে দেখা যায়নি।

**ঘনাচ্ছে রহস্য**

- ইস্টার্ন বাইপাসে শ্রীরাম বর্মন নামে ২৪ বছরের এক তরুণের রহস্যমৃত্যু
- যে তিনজনের সঙ্গে শ্রীরাম পার্টি করছিলেন, তাঁদের মধ্যে একজন উধাও
- পুলিশের অনুমান, মঙ্গলবার রাতের পার্টিতেই হয়তো কোনও ঝামেলা হয়েছিল
- সেই ঝামেলাই ওই তরুণের মৃত্যুর কারণ হয়ে থাকতে পারে

পুলিশের অনুমান, মঙ্গলবার রাতের পার্টিতেই হয়তো কোনও ঝামেলা হয়েছিল। সেই ঝামেলাই ওই তরুণের মৃত্যুর কারণ হয়ে থাকতে পারে। যে ড্রামের মধ্য থেকে তরুণের দেহ উদ্ধার হয়েছিল, তার চারপাশে থাকা বেশ কয়েকটি চেয়ার ভাঙা অবস্থায় পাওয়া যায়।

যে গ্যারাজ থেকে তরুণের দেহ উদ্ধার হয়েছে, সেই গ্যারাজের মালিক তপু ঘোষ বলেন, 'মঙ্গলবার রাতে আমার কাছ থেকেই পার্টি করার জন্য গ্যাস সিলিন্ডার নিয়েছিল শ্রীরাম। বুধবার সকালে এসে দেখি, রাস্তার একপাশে পার্টিতে থাকা টোটোচালক টোটোয় বাসনপত্র ওঠাচ্ছেন। পার্টিতে থাকা আর একজন সেই বাসনগুলো ওই গ্যারাজের থেকে বের করছেন। গ্যাস সিলিন্ডার আমার গ্যারাজে এসে না দেওয়ায় শ্রীরামের খোঁজও করি। কিন্তু কোথাও দেখিনি।'

শ্রীরাম স্থানীয় একটি মোবিলের গোডাউনে কাজ করতেন। এদিকে মঙ্গলবার রাত একটার পর থেকে শ্রীরামের ফোন বন্ধ থাকায় চিন্তায় পড়ে যান শ্রীরামের মা ভারতী বর্মন। শ্রীরাম পার্টি করার জন্য গ্যারাজের মালিকের কাছ থেকে চাবি নিয়েছিলেন। বুধবার দুপুরের পর থেকে তিনিও খোঁজ নিতে শুরু করেন। শেষপর্যন্ত বুধবার সন্ধ্যায় তরুণের দেহ উদ্ধার হল। তরুণের মৃত্যুর পিছনে কী কারণ থাকতে পারে, পুলিশ তা খুঁজে বের করার চেষ্টা করছে।

# ঝিনুকের কাজ অগ্রণীর পুজোয়

**তমালিকা দে**

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** কয়েকদিন বাদেই মহালয়া। সেই ভোরে রেডিওতে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কণ্ঠে মহালয়া পাঠ দিয়ে সূচনা হবে দেবীপক্ষের। শুরু হবে বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসবের। দুর্গাপুজো মানেই আলোকসজ্জার ঝলকানি। থিমের নান্দনিকতা। অন্য ক্লাবকে টেক্কা দিয়ে কীভাবে নিজেদের পুজোকে দর্শনার্থীদের কাছে আরও আকর্ষণীয়ভাবে তুলে ধরা যায় উদ্যোক্তারা সেই চেষ্টাই করেন। ভক্তিনগরের অগ্রণী সংঘ থিম নির্বাচনে বরাবর এগিয়ে থাকে। এই বছর তাদের থিম 'পদ্মের দেশে ঝিনুক মালা'।

এইবার অগ্রণী সংঘের পুজোর ৬৮তম বর্ষ। বাজেট ১৮ লক্ষ টাকা। ১৮ লাখি এই পুজোর থিম নিয়ে বলতে গিয়ে পুজো কমিটির যুগ্ম সম্পাদক রাকেশ পাল বলেন, 'ঝিনুকের কারুকার্য যে কতটা সুন্দর তা নতুন প্রজন্মের অনেকেই জানেন না। তাই এধরনের শিল্পগুলো যাতে হারিয়ে না যায়, সেই ভাবনা থেকেই এই থিম নির্বাচন। মেদিনীপুরের শিল্পীরা মণ্ডপ তৈরির কাজ করেছেন। তাঁদের তৈরি বিভিন্ন কারুকার্য দিয়েই সেজে উঠবে মণ্ডপ।' তিনি যোগ করেন, 'ঐতিহ্যবাহী বিভিন্ন শিল্প যাতে বেঁচে থাকে তার উপরে আমরা বিশেষ নজর দিই। এই ভাবনা থেকেই গতবছরও হস্তশিল্পকে থিম হিসেবে বেছে নেওয়া হয়েছিল।'

এই পুজোর মণ্ডপসজ্জার দায়িত্ব পেয়েছেন শিল্পী জয়ন্ত গিরি। তাঁর নেতৃত্বে মাসখানেক আগে থেকেই শুরু হয়েছে মণ্ডপসজ্জার কাজ। জয়ন্ত বলেন, 'দর্শনার্থীরা এই মণ্ডপে এসে আসল ঝিনুকের কাজ দেখতে পারবেন। ঝিনুকের কারুকার্য যে কতটা সুন্দর হতে পারে তা এই মণ্ডপে এসে বোঝা যাবে। আমরা চেষ্টা করছি মণ্ডপসজ্জাকে



অত্যন্ত আকর্ষণীয় করে তুলতে।' ক্লাবের আরেক যুগ্ম সম্পাদক বিজু সরকার বলেন, 'ক্লাবের নবীন এবং প্রবীণ সদস্যরা শত ব্যস্ততার মধ্যেও একসঙ্গে এই পুজোর আয়োজন করেন। এই পুজোতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে দেখা যায় এলাকার মহিলাদের। পুজোর চাঁদা কাটা, ঠাকুর আনতে যাওয়া, পুজোর সমস্ত কাজে মহিলারা সক্রিয়াভাবে অংশ নেন।'

পুজোর ক'টা দিনের বিভিন্ন কর্মসূচি নিয়ে সভাপতি গণেশ দাস বলেন, 'পুজোর দিনগুলোতে সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা থাকবে।'

# পিবিইউ'র ১২ আবাসিকের বিরুদ্ধে বিজ্ঞপ্তি জারি

**কোচবিহার, ১৭ সেপ্টেম্বর :** তাঁদের কারও দু'বছরের, আবার কারও প্রায় বছরখানেকের হস্টেল ফি বাকি। বিষয়টি তাঁদের একাধিকবার জানানো হলেও কোনও সুরাহা মেলেনি। তাই হস্টেল ফি পরিশোধ না করায় এবার ১২ জন আবাসিকের নামে বিজ্ঞপ্তি জারি করল কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, ওই আবাসিকদের মোট ১ লক্ষ ৪৯ হাজার ৪০০ টাকা ফি বকেয়া রয়েছে। বিজ্ঞপ্তিতে স্পষ্ট বলা হয়েছে, চলতি মাসের ২৩ তারিখের মধ্যে বকেয়া হস্টেল ফি পরিশোধ না করলে তাঁদের স্নাতকোত্তরের রেজাল্ট দেওয়া হবে না। পাশাপাশি তাঁদের বিরুদ্ধে পদক্ষেপ করার কথাও পরিষ্কারভাবে সেই বিজ্ঞপ্তিতে জানিয়ে দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মাধবচন্দ্র অধিকারী বলেন, 'সম্প্রতি এক সন্ধ্যায় হস্টেল পরিদর্শনে গিয়ে জানতে পারি, কয়েকজন আবাসিক অনেকদিন ধরে হস্টেল ফি দিচ্ছেন না। তাঁরা ঘর দখল করে রেখে চলে গিয়েছেন। সেদিন আমি গিয়ে ওই ঘরগুলিতে তালা লাগিয়ে দিয়েছি। দীর্ঘদিন ওঁদের বলার পরেও তাঁরা হস্টেল ফি মেটাননি। সেকারণে তাঁদের বিরুদ্ধে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।'

এই ব্যাপারে রেজিস্ট্রার বলেন, 'শীঘ্রই হস্টেল ফি পরিশোধ না করলে তাঁদের স্নাতকোত্তরের রেজাল্ট দেওয়া হবে না। তাঁদের পরিষেবা দেওয়াও বন্ধ করে দেওয়া হবে।'

# চোখ রাঙাচ্ছে আকাশ, ব্লোয়ারে ভরসা মৃৎশিল্পীদের

**প্রিয়দর্শিনী বিশ্বাস**

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** পুজোর নেই বেশিদিন, কিন্তু বন্ধ হচ্ছে না আকাশের চোখ রাঙানি। যখন তখন দুয়ারে এসে হাজির বর্ষাসুর। এমন পরিস্থিতিতে উমা মা'কে সাজিয়ে মণ্ডপে পাঠাবেন কী করে, চিন্তায় মৃৎশিল্পীরা। এখনই বর্ষার বিদায়ের তেমন কোনও সম্ভাবনা না থাকায় কপালে চিন্তার ভাঁজ নিয়ে তাঁরা হাতে তুলে নিয়েছেন ব্লোয়ার। কিন্তু এরপরেও কি প্রত্যেকটি প্রতিমা শুকানো সম্ভব হবে, সংশয়ে কুমোরটুলি।

বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো যত এগিয়ে আসছে, ততই যেমন বাড়ছে বর্ষাসুরের দাপট। যে কারণে অনেক প্রবীণকে বলতে শোনা যাচ্ছে, বর্ষা শেষে বাড়ির জামাকাপড় রোদে দেওয়ার মাস ভাদ্র। কিন্তু এবার তো তেমনভাবে রোদের দেখাই মিলল না ভাদ্রে। বরং প্রত্যেকদিন নিয়ম করে ঝড়ছে বৃষ্টি। বিরামহীন এই বৃষ্টি চরম সমস্যায় ফেলে দিয়েছে মৃৎশিল্পীদের। ভাদ্রে যে শিলিগুড়ি বা উত্তরবঙ্গে বৃষ্টি হয় না, তা নয়। কিন্তু এমন টানা দুর্যোগ অতীতে দেখা যায়নি, বলছেন শহরের প্রবীণরা। একই বক্তব্য মৃৎশিল্পীদের। প্রতি বছরই বৃষ্টির জন্য ত্রিপলের নীচে প্রতিমা রাখতে হয়। রোদ উঠলে প্রতিমার ওপর থেকে ত্রিপালের আচ্ছাদন সরে যায়। কিন্তু এবার তা আর হচ্ছে না। স্যাঁতসেঁতে আবহাওয়ার জন্য প্রতিমা শুকোচ্ছে না। মাটি না শুকালে রং ধরবে কী করে, হাতে ব্লোয়ার নিয়ে চিন্তায় দিলীপ পালরা।

বুধবার কুমোরটুলিতে পা রেখে দেখা গিয়েছে অধিকাংশ শিল্পীর হাতে ব্লোয়ার বা গ্যাসগান। এমনই একজন শ্যাম পাল বললেন, 'টানা বৃষ্টি এবং স্যাঁতসেঁতে আবহাওয়ায় প্রতিমার মাটি দ্রুত শুকানোর জন্য গ্যাসগান ব্যবহার ছাড়া আর উপায় নেই। কিন্তু শেষ পর্যন্ত ক'টা প্রতিমা শুকাতে পারব, বুঝতে পারছি না। এমনিতেই

> একটা বড় সিলিন্ডারে দুটো বড় প্রতিমা হয়তো শুকোনো যাচ্ছে, মাঝারি আকারের তিনটে। কিন্তু বৃষ্টির কারণে এই কাজের ক্ষেত্রেও সমস্যা হচ্ছে। কাজেও বাধার সৃষ্টি হচ্ছে।
>
> **দিলীপ পাল** *প্রতিমাশিল্পী*

মাটির কাজে এখন কারিগর কম। বেশি টাকা দিয়ে কাজ করাতে হয়। তার ওপর বৃষ্টির জন্য গ্যাসগানের ব্যবহার খরচ বাড়িয়ে দিয়েছে।' প্রতিমাশিল্পী দিলীপ পাল বলছিলেন, 'একটা বড় সিলিন্ডারে দুটো বড় প্রতিমা হয়তো শুকোনো যাচ্ছে, মাঝারি আকারের তিনটে। কিন্তু বৃষ্টির কারণে এই কাজের ক্ষেত্রেও সমস্যা হচ্ছে। কাজেও বাধার সৃষ্টি হচ্ছে।' এমন পরিস্থিতিতে নির্দিষ্ট সময়ে মণ্ডপে প্রতিমা পৌঁছে দেওয়া যাবে কি না, তা নিয়ে সংশয়ে দেবীডাঙ্গার মৃৎশিল্পী রমেশ খোকন পাল।

# মণ্ডপ পরিদর্শনে কমিশনার

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** মঙ্গলবার ইস্ট জোনের নির্মীয়মাণ পুজোমণ্ডপ পরিদর্শনের পর বুধবার ওয়েস্ট জোনের বড় মণ্ডপগুলি পরিদর্শন করলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার সি সুধাকর। সঙ্গে উপস্থিত ছিলেন ডিসিপি ট্রাফিক কাজি সামসুদ্দিন আহমেদ, ডিসিপি ইস্ট এবং ওয়েস্ট রাকেশ সিং, বিভিন্ন থানার ভারপ্রাপ্ত আইসি, ওসি, দমকল ও বিদ্যুৎ বিভাগের আধিকারিকরা।

এদিন কমিশনার প্রথমে মেট্রোপলিটান পুলিশের হেডকোয়ার্টারে বিশ্বকর্মাপুজো পরিদর্শন করেন। এরপর মাটিগাড়া, উত্তরায়ণ, বাগডোগরা, প্রধাননগর সহ বিভিন্ন এলাকার নির্মীয়মাণ দুর্গাপুজোর মণ্ডপ ঘুরে দেখেন।

মণ্ডপে প্রবেশ এবং বেরোনোর পথ প্রশস্ত রাখা, অগ্নিনির্বাপণ ব্যবস্থা এবং বৈদ্যুতিক সরঞ্জামের দিকে নজর রাখা, রাস্তা আটকে আলোক তোরণ তৈরি না করা সহ বিভিন্ন বিষয়ে উদ্যোক্তাদের সঙ্গে কথা বলেন কমিশনার।

সি সুধাকর বলেন, 'আমরা মণ্ডপগুলি ঘুরে দেখলাম। সাধারণ মানুষের নিরাপত্তায় মণ্ডপে আরও কী কী সুরক্ষা ব্যবস্থার প্রয়োজন রয়েছে, সেসব কমিটিগুলিকে জানানো হয়েছে। ৩-৪ দিন পর ফের এসে দেখা হবে সবকিছু নির্দেশমতো করা হয়েছে কি না।'

# বোনাসে জটিলতা

**নাগরাকাটা, ১৭ সেপ্টেম্বর :** বোনাস নিয়ে দড়ি টানাটানি অব্যাহত নাগরাকাটার গ্রাসমোড় চা বাগানে। বুধবার বিকেলে শ্রমিকদের সঙ্গে সরাসরি বাগানের নির্দেশক আলোচনায় বসেন। সেখানে মালিকপক্ষ আগেকার অবস্থান থেকে সরে এসে ১৫ শতাংশ হারে বোনাস দেওয়ার প্রস্তাব দেয়। যদিও শ্রমিকরা তা প্রত্যাখ্যান করে সরকারি অ্যাডভাইজারি মোতাবেক ২০ শতাংশ বোনাসের দাবিতে অনড় থাকেন।

ফলে আলোচনা ভেস্তে যায়। ফের বৃহস্পতিবার আরেক দফার আলোচনা হবে বলে খবর। ম্যানেজার সুদীপ্ত মুখোপাধ্যায় বলেন, 'বাগানের আর্থিক পরিস্থিতি একেবারেই ভালো নয়। তবুও পুজোর মুখে নির্দেশক ১৫ শতাংশ হারের বোনাস দেওয়ার প্রস্তাব দেন। আশা করছি দ্রুত সমস্যা মিটে যাবে।'

বোনাস নিয়ে গ্রাসমোড় চা বাগানে গত বছরও শ্রমিকরা আন্দোলনে শামিল হয়েছিলেন। অন্যদিকে, নাগরাকাটার হিলা চা বাগানের শ্রমিকদের ২০ শতাংশ হারে বোনাস দিয়ে দেওয়া হয়েছে।

LIC
ভারতীয় জীবনবীমা নিগম
LIFE INSURANCE CORPORATION OF INDIA
জলপাইগুড়ি ডিভিশনাল অফিস, ওএস ডিপার্টমেন্ট, "জীবন প্রকাশ", শান্তিপাড়া, জলপাইগুড়ি, পিন-৭৩৫১০১, দূরভাষ : (০৩৫৬১) ২৫৫৪৪২
ই-মেল : os.jalpaiguri@licindia.com, ওয়েবসাইট : www.licindia.in/tenders

টেন্ডার বিজ্ঞপ্তি

মাসিক ভাড়ার ভিত্তিতে ডিজেল সহ ধোঁয়াবিহীন/শব্দবিহীন/ধ্বনিবিহীন ডিজেল জেনারেটর সেটের এসআইটিসি-র জন্য


এলআইসি অফ ইন্ডিয়া, জলপাইগুড়ি ডিভিশনাল অফিস, দুই-বিড ব্যবস্থায় বিভিন্ন অফিসের জন্য মাসিক ভাড়ার ভিত্তিতে ডিজেল সহ বিভিন্ন ক্ষমতার ধোঁয়াবিহীন/শব্দবিহীন/ধ্বনিবিহীন ১৫টি ডিজেল জেনারেটর সেট ভাড়ার জন্য যোগ্য টেন্ডারদাতাদের কাছ থেকে বিড আহ্বান করছে। বিড জমা দেওয়ার মেয়াদ ১৮.০৯.২০২৫ থেকে ১৬.১০.২০২৫ তারিখ দুপুর ৩টা পর্যন্ত। আরও বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে ওয়েবসাইট www.licindia.in/tenders-তে লগ অন করুন বা উপরের ঠিকানায় ওএস ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করুন। এলআইসি অফ ইন্ডিয়া কোনো কারণ ছাড়াই যে কোনও বা সকল অফার সম্পূর্ণ/আংশিকভাবে গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষিত রাখছে।
দ্রষ্টব্য : উপরের টেন্ডারের ক্ষেত্রে যে কোনো সংশোধনী/তারিখ সম্প্রসারণ শুধুমাত্র ওয়েবসাইট https://www.licindia.in-তে দেওয়া হবে এবং সংবাদপত্রে কোনো আলাদা বিজ্ঞপ্তি জারি করা হবে না।
তারিখ : ১৮.০৯.২০২৫ সিনিয়র ডিভিশনাল ম্যানেজার

# শতবর্ষেও দেবী চৌধুরানির অসমাপ্ত মন্দিরে পুজো

**সুভাষচন্দ্র বসু**

**বেলাকোবা, ১৭ সেপ্টেম্বর :** শতবর্ষেও দেবী চৌধুরানির অসমাপ্ত মন্দিরেই হবে দুর্গাপুজো। জেলা ট্রেজারিতে রাখা ছ'টির মধ্যে চারটি বাঘের মূর্তির পিঠে ফাটল রয়েছে। সেগুলি মেরামত না করে পুনঃস্থাপন করা যাবে না। মন্দির ও মূর্তির নতুন রূপদানে নিযুক্ত শিল্পী বিশ্বজিৎ ঘোষ ইতিমধ্যেই সেকথা জানিয়েছেন জেলা শাসককে। এছাড়া মন্দির পুনর্নির্মাণের সময় বেদিতে নতুন করে ফাটল ধরেছে বলে জানা গিয়েছে।

২০১৮ সালের ১৬ ফেব্রুয়ারি বিধ্বংসী অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত হয় দেবী চৌধুরানির মন্দির। বিগ্রহ সহ মন্দির আগুনের কবলে ক্ষতিগ্রস্ত হলেও রক্ষা পায় সিঁড়িতে থাকা ছ'টি বাঘের মূর্তি। এরপর তৎকালীন জেলা শাসকের তত্ত্বাবধানে মন্দির থেকে উদ্ধার হওয়া সেই বাঘের মূর্তি, কিছু পুরোনো মুদ্রা, একটি তিরের ফলা জমা রাখা হয় জলপাইগুড়ির ট্রেজারিতে।




বিশ্বজিৎ বলেন, 'ছ'টি বাঘের মধ্যে চারটি বাঘের মূর্তির পিঠে ফাটল ধরেছে। সেই ফাটল না সারিয়ে মূর্তিগুলি বসানো যাবে না। সিঁড়ির তিনটি ধাপের মধ্যে যে ধাপে যে বাঘটি যেদিকে মুখ করে ছিল, সেভাবেই বসাতে হবে। যাঁরা এ সম্পর্কে জানেন তাঁদের এই দায়িত্ব দিতে হবে। ঐতিহ্যবাহী মন্দিরের পাথরের তৈরি এই ব্যাঘ্রমূর্তিগুলি মূল্যবান। আলগাভাবে বসানো হলে চুরি হয়ে যাওয়ার আশঙ্কা থেকে যায়। সেক্ষেত্রে তার দায়িত্ব কে নেবে?' মন্দির কমিটির সম্পাদক গোপাল রায় বলেন, 'মঙ্গলবার চিঠি দিয়ে জেলা শাসককে বিষয়টি জানিয়েছি। মন্দির ও বিগ্রহ পুড়ে যাওয়ার পর সেগুলি পুনঃস্থাপিত হয়েছে। ট্রেজারিতে থাকা ছ'টি বাঘ সিঁড়িতে দ্রুত বসানোর জন্য অনুরোধ করেছি।' দেবী চৌধুরানি মন্দিরের পুরোহিত কমল গুহ বলেন, 'মোট ১৬টি বিগ্রহর মধ্যে দশটি বিগ্রহ দিয়ে পুজো করা হচ্ছে। মন্দির রক্ষাকারী ছ'টি বাঘ না থাকায় অসমাপ্ত অবস্থায় পুজো করতে হচ্ছে। এইভাবে পুজো হয় না।'

প্রায় তিনশো বছরের বেশি প্রাচীন মন্দির হলেও এবারে শতবর্ষে পা দিতে চলেছে শিকারপুরের দেবী চৌধুরানির দুর্গোৎসব। ইতিমধ্যে প্রস্তুতি যেমন তুঙ্গে ঠিক তেমনই পুজোর হাতেগোনা ১০ দিন আগে চূড়ান্ত অপেক্ষা আর আনন্দের পরিবেশ বাগানজুড়ে। ৩০ জনের কমিটি গঠিত হয়েছে যার সভাপতি শিকারপুর চা বাগানের সিনিয়ার ম্যানেজার প্রসূন চক্রবর্তী। তালমার কুমোরটুলি থেকে আসবে প্রতিমা।

# যাত্রীসেবা দিবস পালন

**বাগডোগরা, ১৭ সেপ্টেম্বর :** বুধবার বাগডোগরা বিমানবন্দরে যাত্রীসেবা দিবস পালিত হয়। এই উপলক্ষ্যে যাত্রীদের সুষ্ঠু পরিষেবা দেওয়ার পাশাপাশি স্বাস্থ্য পরীক্ষা ও বিভিন্ন বিনোদনের ব্যবস্থা ছিল। বিমানবন্দরের সিনিয়ার জেনারেল ম্যানেজার সুভাষচন্দ্র বসাক জানান, কপালে টিপ পরিয়ে আদিবাসী নৃত্য, লোকনৃত্যে বরণ করা হয় বিমানযাত্রীদের। কুইজ ও অঙ্কন প্রতিযোগিতায় অংশ নেন যাত্রী ও তাঁদের সন্তানরা।

# দুর্গার আগে জুড়াবান্দার পুজো

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** শিব ঠাকুর হুঁকো টানেন। কথ্য ভাষায় হুক্কা। তাই জোলাপাড়ার রাজবংশী সম্প্রদায়ের মানুষের কাছে শিব হলেন হুক্কাখাওয়া ঠাকুর। তাঁদের প্রাচীন লোকায়ত রীতিতে, প্রতিবছরই দুর্গাপুজোয় দেবী দুর্গার আগে পুজো পান হুক্কাখাওয়া ঠাকুর। স্থানীয় বুলিতে তিনিই জুড়াবান্দা ঠাকুর। জলপাইগুড়ি শহর থেকে ১২ কিমি দূরে মোহিতনগর গোল গুমটি হয়ে পৌঁছানো যায় জোলাপাড়ায়। সেখানে দুটি প্রাচীন বট গাছের পাশেই রয়েছে হুক্কাখাওয়া জুড়াবান্দা ঠাকুরের মন্দির। ওই এলাকায় শতাধিক বছর ধরে বংশপরম্পরায় রাজবংশীরা জুড়াবান্দা ঠাকুরের পুজো করছেন। ওই মন্দিরের পাশেই স্থাপিত তাঁদের মাশান দেবতাও।

ওই মন্দিরের সামনের ফাঁকা মাঠে জোলাপাড়া তরুণ সংঘ প্রতিবছর দুর্গা ও কালীপুজো করে। সেখানে স্থায়ী দুর্গামণ্ডপ থাকলেও, বাইরে বাঁশের আলাদা মণ্ডপ করা হয়। জোলাপাড়া



হুক্কাখাওয়া জুড়াবান্দা ঠাকুরের মন্দির।

তরুণ সংঘ পুজো কমিটির চেয়ারম্যান দশরথ রায় বলেন, 'হুক্কাখাওয়া ও পাশের হরি মন্দিরে দেবতারা নিত্যদিন পুজো পান। গ্রামের লোকায়ত ধারা অনুসারে দুর্গাপুজোর আগে জুড়াবান্দার পুজো করবেন দেউসি। তারপর ব্রাহ্মণ পুরোহিত দুর্গাপুজোয় বসবেন। আমাদের পুজো এবছর ৫০ বছরে পড়ল। এবারের বাজেট ৫ লক্ষ টাকা।' স্থানীয় পঞ্চায়েত সদস্য নৃপেন রায় বলেন, 'হুক্কাখাওয়া লোকদেবতা খুবই জাগ্রত। পথচলতি যে কোনও মানুষ জুড়াবান্দা মন্দিরের সামনে দিয়ে গেলে প্রণাম করে যান। গাছের ডাল, পাটকাঠি, লতাগুল্ম জোড়া দিয়ে বেঁধে ভক্তি সহকারে মন্দিরের সামনে ছুঁড়ে দেন।'

জুড়াবান্দা মন্দিরে প্রতিদিন ফল, ফুল দিয়ে নিত্যপুজো করেন রাজবংশী দেউসি। লোকদেবতা জুড়াবান্দা বা হুক্কাখাওয়াকে দেখতেও শিব ঠাকুরের মতোই। হাতে হুক্কা ধরা ভঙ্গিতেই বিগ্রহ রাখা থাকে মন্দিরে। সাধারণত মাঘীপূর্ণিমাতে হুক্কাখাওয়ার পুজো হয়। চিরাচরিত রীতিতে এবারও মাটির হাঁড়িতে খই, দই, কলা, দুধ মেখে জুড়াবান্দাকে নিবেদন করা হবে। হুক্কাখাওয়া দেবতার প্রসাদ হয় নিরামিষ। মাঘীপূর্ণিমায় বেশ ধুমধাম করে জুড়াবান্দার পুজো হয়। প্রতিবছরের মতো এবারও দুর্গাপুজোর চারদিন ভন্দাপাড়া, জোলাপাড়া, সর্দারপাড়া, ভায়াপাড়ার মানুষ মেতে উঠবেন পুজোর আনন্দে। তবে রীতি মেনে আগে হুক্কাখাওয়া দেবতাকে প্রণাম করে তবেই দুর্গামণ্ডপে যাবেন দর্শনার্থীরা।

লোকসংস্কৃতি গবেষক দিলীপ বর্মা জানান, অতীতে মানুষ হিংস্র বন্যপ্রাণীর উপদ্রব থেকে বাঁচাতে গাছ বা গুহায় আশ্রয় নিত। মানব সমাজে গাছপালার গুরুত্ব সেই থেকেই। তাই লোকদেবতা বা অপদেবতার হাত থেকে রেহাই পেতে মানুষ বৃক্ষ উপাসনা শুরু করে। তাই জোলাপাড়ার মন্দির আজও গাছের ডাল বেঁধে লোকদেবতার উদ্দেশে নিবেদন করা হয়।



# দুই নেতার বিরোধে তপ্ত বৈঠক

## ফাঁসিদেওয়ার আদিরা ব্রাত্য, তৃণমূলে বাড়ছে ক্ষোভ

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** চটেরহাট গ্রাম পঞ্চায়েতের দলীয় কোন্দলে নাক গলানো নিয়ে দুই নেতার বাদানুবাদে উত্তপ্ত হল তৃণমূল কংগ্রেসের জেলার বৈঠক। ফাঁসিদেওয়া-১ ব্লক সভাপতি আখতার আলি এবং ফাঁসিদেওয়া-২ ব্লক সভাপতি কাজল ঘোষের বিরোধ এমন পর্যায়ে পৌঁছায় যে, তা সামাল দিতে হস্তক্ষেপ করতে হয়েছে গৌতম দেব, পাপিয়া ঘোষ সহ একাধিক শীর্ষ নেতাকে। আখতারের অভিযোগ, 'কাজল নিজের এলাকার বাইরে থাকা চটেরহাট গ্রাম পঞ্চায়েত নিয়ে মাথা ঘামাচ্ছেন।' কাজলও পালটা এই গ্রাম পঞ্চায়েতে অনাস্থার পরিস্থিতি তৈরি হওয়ার জন্য আখতারকে দায়ী করে বলেছেন, '২০০৮ থেকে গোটা ফাঁসিদেওয়া ব্লকের দায়িত্ব সামলেছি। আখতার ক'দিন দায়িত্বে এসেছেন? নিজের এলাকা সামলাতে না পেরে এখন আমাকে দায়ী করছেন।' কোর কমিটির অন্যতম সদস্য রঞ্জন সরকারের সংক্ষিপ্ত প্রতিক্রিয়া, 'সমস্তটাই দলের অভ্যন্তরীণ বিষয়।'

বিভিন্ন ব্লক এবং জেলায় নবনির্বাচিত পদাধিকারীদের সংবর্ধনা দিতে জেলা চেয়ারম্যান সঞ্জয় টিব্রুয়াল মঙ্গলবার সন্ধ্যায় জেলা কার্যালয়ে একটি অনুষ্ঠানের আয়োজন করেছিলেন। ছিল বৈঠকও। এই বৈঠকেই বক্তব্য রাখতে গিয়ে কাজলকে নিশানা করেন আখতার। তাঁর অভিযোগ, 'কিছুদিন আগে চটেরহাট গ্রাম পঞ্চায়েত অনাস্থা এসেছিল। সেই ঘটনায় ব্লক-২'এর সভাপতি মাথা গলিয়েছেন। জলপাইগুড়ির সাংগঠনিক বিষয়ে কি শিলিগুড়ির নেতৃত্ব মাথা ঘামাতে পারেন? যদি না পারেন তাহলে ব্লক-২ সভাপতি কীভাবে আমার ব্লকে এসে মাথা ঘামাচ্ছেন?' আখতারের বক্তব্য শেষ হতেই কাজল পালটা বলেন, 'আখতার নিজের এলাকার দলীয় সংগঠন ধরে রাখতে পারছেন না। ওই গ্রাম পঞ্চায়েতে প্রধানকে নিয়ে সমস্যা চলছে। আখতারকে দলের নির্বাচিত সদস্যরা বারবার জানিয়েছেন। কিন্তু আখতার পাত্তা দেননি। আমি দীর্ঘদিন গোটা ফাঁসিদেওয়া ব্লকের সভাপতির দায়িত্ব সামলেছি। ফলে গোটা ব্লকের প্রতিটি নেতা-কর্মী আমার পরিচিত। আমার কাছে কেউ সমস্যা নিয়ে এলে আমি কি তাড়িয়ে দেব?' তীব্র বাদানুবাদে উত্তপ্ত সভায় জেলা নেতৃত্ব দুজনকেই নিরস্ত্র করে। তৃণমূলের একাংশের বক্তব্য, আখতার, আইনুল হক এবং বসির আহমেদের দ্বন্দ্বে ফাঁসিদেওয়া-১ সাংগঠনিক ব্লকে আরও গ্রাম পঞ্চায়েতে অনাস্থা পেশ হতে চলেছে।



**কোন্দল**

- সংবর্ধনা অনুষ্ঠানের বৈঠকে ফাঁসিদেওয়ার দুই নেতার বাদানুবাদে উত্তেজনা
- আখতার ও কাজলকে শান্ত করতে হস্তক্ষেপ গৌতম দেব, পাপিয়া ঘোষদের
- বৈঠকে প্রবেশে অনুমতি না পেয়ে সমাজমাধ্যমে দল সম্পর্কে বিস্তর প্রশ্ন অসীমের
- জেলা কমিটি তৈরি না হলেও তিনজনকে কীভাবে কমিটির পদ, প্রশ্ন দলেই

শুধু দুই নেতার বিরোধ নয়, এদিনের কর্মসূচিতে প্রবেশের অনুমতি না পেয়ে আদি এবং নব্য ইস্যু উসকে দিয়েছেন সদ্য প্রাক্তন জেলা সম্পাদক অসীম অধিকারী। তিনি সমাজমাধ্যমে লিখেছেন, 'দল অদ্ভুত পরিস্থিতিতে দাঁড়িয়ে রয়েছে। পুরোনো নেতা-কর্মীদের হয়তো আর প্রয়োজন নেই। চারিদিকে শুধু নব্য তৃণমূলিদের ভিড় এবং বাড়বাড়ন্ত। দলের অনেক কাউন্সিলার, মেয়র পারিষদ, মহকুমা পরিষদ সদস্য সহ সরকারি পদে থাকা নেতা-নেত্রীরা সাদা-কালো গাড়ি নিয়ে ঘুরছেন ঠিকই, কিন্তু তাঁরা ক'জন তৃণমূলটা প্রথম থেকে করেছেন? কোর কমিটির ক'জন সদস্য প্রথম থেকে তৃণমূল করেন? জেলায় একজন সাধারণ সম্পাদক, একজন সম্পাদক ও একজন সদস্যের নাম ঘোষণা হয়েছে। এঁরা কেউ তৃণমূল করেছেন? দলের দুঃসময়ে যাঁরা জিন্দাবাদ, জিন্দাবাদ বলে চেঁচিয়েছেন তাঁরা আজ ব্রাত্য। এর থেকে যে মান অভিমান, ক্রোধ জমছে তা একদিন প্রতিফলিত হবে।' নিজের বক্তব্য গৌতম, পাপিয়া ও রঞ্জনকে হোয়াটসঅ্যাপ মেসেজ করে জানিয়েছেন অসীম।

সম্প্রতি দার্জিলিং জেলায় (সমতল) তৃণমূলের বিভিন্ন ব্লক সভাপতি এবং সহ সভাপতির নাম ঘোষণা করা হয়েছে। সেই তালিকায় জেলা কমিটির একজন সাধারণ সম্পাদক, একজন সম্পাদক এবং একজন সদস্যের নাম ঘোষণা করা হয়েছে। জেলা কমিটি তৈরি না হলেও এই তিনজনকে কীভাবে কমিটির পদ দেওয়া হল, তা নিয়ে প্রশ্ন উঠেছে। এমনকি এই তিনজনের মধ্যে দুজন কোনওদিন দল করেননি বলে অভিযোগ।



*ফালাকাটা পারঙ্গেরপার শিশু কল্যাণ হাইস্কুলে ঘুড়ি ওড়াল পড়ুয়ারা। বুধবার। ছবি : ভাস্কর সেহানবিশ*

# সুবর্ণপুর চা বাগানে চিতাবাঘের হানা

**শুভজিৎ দত্ত ও শুভদীপ শর্মা**

**নাগরাকাটা ও ক্রান্তি, ১৭ সেপ্টেম্বর :** একদিকে যখন নাগরাকাটার খেরকাটায় চিতাবাঘের আক্রমণে মৃত ১২ বছরের নাবালকের বাড়িতে বন দপ্তরের আধিকারিকরা, তখন ক্রান্তিতে চিতাবাঘের হানায় জখম এক। ডুয়ার্সে চিতাবাঘ-মানুষ সংঘাত থামার যেন লক্ষণই নেই। একের পর এক এধরনের ঘটনায় চা বলয়জুড়ে আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে। বন দপ্তরের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করছেন বাসিন্দারা।

এদিন, খেরকাটা কাণ্ডের পর বন দপ্তরের জলপাইগুড়ি ডিভিশনের এডিএফও জয়ন্ত মণ্ডলের নেতৃত্বে ডায়না ও খুনিয়া রেঞ্জের কর্মীরা মৃত অস্মিতের বাড়িতে যান। ছিলেন বন দপ্তরের ডায়না রেঞ্জের রেঞ্জ অফিসার অশেষ পাল, বন্যপ্রাণ শাখার খুনিয়া রেঞ্জের রেঞ্জ অফিসার সজল দে, সুলকাপাড়া গ্রাম পঞ্চায়েতের কৃষি ও প্রাণীসম্পদ উপসমিতির সঞ্চালক মঞ্জুরুল হক প্রমুখ। সেখানে বাসিন্দাদের ক্ষোভের মুখে পড়েন তাঁরা। গ্রামে ১ বছরের মধ্যে এধরনের দুটি মর্মান্তিক ঘটনার সাক্ষী স্থানীয়রা। অঞ্জু ওরাওঁ নামে এক মহিলা বলেন, 'এভাবে বাচ্চাগুলিকে চিতাবাঘ মেরে ফেলে কোনও মায়ের কোল শূন্য করে দেবে তা আর মেনে নেব না। বন দপ্তর কী করবে দ্রুত করুক। নয়তো নেতা, অফিসার, মন্ত্রী কাউকে রেয়াত করার প্রশ্নই নেই।' লক্ষ্মী ওরাওঁয়ের স্বামী কাজের জন্য কেরলে থাকেন। তিন সন্তানকে নিয়ে বাড়িতে তিনি একা। নানা কাজে ওঁদের একা রেখেই বের হতে হয়। আরও অনেক মায়েদেরই একই অবস্থা। আর কাউকে যে এভাবে হারাতে হবে না সেই গ্যারান্টি কে দেবে, এই প্রশ্ন তুলেছেন তিনি।



এই পরিস্থিতিতে বন দপ্তরের তরফে খেরকাটায় কয়েকটি স্ট্র্যাটেজিক পয়েন্ট চিহ্নিত করে এদিন ৪টি খাঁচা ও ৪টি ট্র্যাপ ক্যামেরা বসানো হয়। প্রয়োজনে আরও খাঁচা পাতার পরিকল্পনাও বন দপ্তরের রয়েছে। এদিনও সকাল ৯টা নাগাদ একটি চিতাবাঘকে গ্রামে দেখা গিয়েছে বলে বাসিন্দারা বন দপ্তরকে জানান। সেকারণে সকাল থেকেই ছিল বনকর্মীদের পাহারা। এডিএফও বলেন, 'আর যাতে কোনও দুর্ঘটনা না ঘটে সেজন্য যাবতীয় পদক্ষেপ করা হচ্ছে। পরিবারটির পাশে আমরা আছি।'

এদিকে, এদিন সুবর্ণপুর চা বাগানের ৭ নম্বর সেকশন লাগোয়া একটি মাঠে গোরুকে ঘাস খাওয়াতে নিয়ে যান রাজাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের উত্তর বারোঘরিয়ার পাইকাধুরা গ্রামের আবু সাহেদ। অতর্কিতে একটি চিতাবাঘ তাঁর ওপর ঝাঁপিয়ে পড়ে। প্রাণ বাঁচাতে চিৎকার চ্যাঁচামেচি শুরু করেন ওই তরুণ। স্থানীয়রা ছুটে এলে বুনোটি চম্পট দেয়। পরে উদ্ধার করে এলাকার বাসিন্দারা তাঁকে মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে যায়। আপালচাঁদ রেঞ্জের রেঞ্জ অফিসার নবাঙ্কুর ঘোষ বলেন, 'স্থানীয়রা আবেদন করলে সেখানে খাঁচা পাতার ব্যবস্থা করা হবে।'

## আজও চালু হয়নি মার্কেট কমপ্লেক্স

**ফাঁসিদেওয়া, ১৭ সেপ্টেম্বর :** মার্কেট কমপ্লেক্স চালু করতে একাধিকবার ফ্লেক্স টাঙানো হয়েছে। কখনও সেই ফ্লেক্স রোদ-বৃষ্টিতে ফিকে হয়ে গিয়েছে। কখনও আবার ঝড়ে উড়ে গিয়েছে। দশ বছর কেটে গেলেও এখনও পর্যন্ত চালু করা যায়নি ফাঁসিদেওয়া বাঁশগাঁও কিশামত গ্রাম পঞ্চায়েতের ভক্তিনগর এলাকার মার্কেট কমপ্লেক্স। তবে প্রশাসনিকভাবে সেটি চালুর আশ্বাস দেওয়া হয়েছে। ফাঁসিদেওয়া পঞ্চায়েত সমিতির সভাপতি রিনা এক্কা বলেন, 'খোঁজ নিয়ে মার্কেট কমপ্লেক্সের স্টল বণ্টনের সিদ্ধান্ত নেওয়া হবে।'

ফাঁসিদেওয়া গ্রামীণ হাসপাতালের বিপরীত দিকে ২০১৪ সাল নাগাদ কয়েক লক্ষ টাকা ব্যয়ে মার্কেট কমপ্লেক্সটি তৈরি করা হয়েছিল। এলাকার সবজি বিক্রেতা ও অন্য ব্যবসায়ীদের দোকান ভাড়া দেওয়ার উদ্দেশ্যে মার্কেট কমপ্লেক্সটি তৈরি করা হয়েছিল। সামান্য টাকার বিনিময়ে দোকান ভাড়া দেওয়ার কথা ছিল। দীর্ঘ কয়েক বছর পড়ে থাকলেও সেটি চালু হয়নি। আপাতত সেটি পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে।

> খোঁজ নিয়ে মার্কেট কমপ্লেক্সের স্টল বণ্টনের সিদ্ধান্ত নেওয়া হবে।
>
> **রিনা এক্কা,** *সভাপতি*
> *ফাঁসিদেওয়া পঞ্চায়েত সমিতি*

স্থানীয় বাসিন্দাদের দাবি, দ্বিতল মার্কেট কমপ্লেক্সটি প্রশাসনের তরফে উদ্যোগ নিয়ে চালু করা হলে এলাকার কৃষকরা ফসল বিক্রির সুযোগ পেতেন। সেইসঙ্গে দোকান ভাড়া নিয়ে রোজগার করার সুবিধা পেতেন ব্যবসায়ী বা এলাকার বেকার তরুণরা। চালু না হওয়ায় সাধারণ মানুষের সেটি কোনও কাজে আসছে না। সে কারণে ক্ষোভ তৈরি হয়েছে।

গৌতম গোস্বামী নামে স্থানীয় এক বাসিন্দা বলেন, 'ব্যবসায়ীদের এককালীন মোটা টাকা দেওয়ার কথা বলা হলে তাঁরা পিছিয়ে যান। ওই মার্কেট কমপ্লেক্সটি প্রশাসন উদ্যোগ নিলেই চালু করতে পারত। শুধু ফ্লেক্স টাঙানো হলে তো আর স্টল বণ্টন হবে না।' অন্যদিকে কম টাকায় ভাড়া না হলে লাভ হবে না বলে অভিমত ব্যবসায়ীদের। ব্লক প্রশাসন যদি বিষয়টি গুরুত্ব দিয়ে দেখে তাহলে সমস্যার সমাধান সম্ভব বলে তাঁরা জানিয়েছেন।

## প্রশাসনিক উদাসীনতা, ক্ষুব্ধ 'হাজার পাখির গ্রাম'

**কুমারগঞ্জ, ১৭ সেপ্টেম্বর :** কুমারগঞ্জ ব্লকের প্রত্যন্ত আঙিনা গ্রাম একসময় 'হাজার পাখির গ্রাম' নামে পরিচিত হয়েছিল। একটা সময়ে এই হরেকরকমের পাখির আগমন এই গ্রামের বাসিন্দাদের কাছে আশীর্বাদ বলে মনে হয়েছিল। কিন্তু তাঁরাই অতিষ্ঠ।

প্রশাসনিক উদাসীনতার কারণে গ্রামের পরিবেশ নোংরা ও অপরিচ্ছন্ন হয়ে ওঠায় নানা সমস্যার মুখে পড়েছেন এলাকার বাসিন্দারা। এই প্রসঙ্গে সমজিয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান ধনো রায় বলেন, 'গত দুই বছর ধরে আমি প্রধান রয়েছি। এই বিষয়ে এখনও পর্যন্ত আমাকে কেউ কিছু জানায়নি। এলাকার যিনি পঞ্চায়েত সদস্য রয়েছেন, তিনিও কিছু বলেননি। বিষয়টি খোঁজ নেব। প্রয়োজনে স্বাস্থ্য দপ্তর এবং পঞ্চায়েতের ভিসিটি-ভিআরটি টিমকে কাজে লাগানো যাবে।'

প্রায় দেড় দশক আগে শয়ে-শয়ে শামুকখোল, রাজচোরা, পানকৌড়ি, মাছরাঙা, নাইট হেরন, ব্ল্যাক ও গ্লসি আইবিস প্রজাতির পাখি ভিড় জমাতে শুরু করে এই গ্রামে। সাধারণত বর্ষার শুরুতে এদের আগমন হয়, শীত নামলে এরা আবার চলেও যায়।



*অবাক চোখে।। আলিপুরদুয়ারের চার মাইলে ছবিটি তুলেছেন অরূপ সরকার।*

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

## পুলিশ হেপাজত

**ফাঁসিদেওয়া, ১৭ সেপ্টেম্বর :** ট্রেলারের কেবিনে লুকিয়ে রেখে গাঁজা পাচারের ঘটনায় ধৃতের বিচার বিভাগীয় হেপাজতের নির্দেশ দিল আদালত। মঙ্গলবার ফাঁসিদেওয়া থানার পুলিশ মহম্মদবক্সে একটি ট্রেলার আটক করে। ওই ট্রেলার থেকে সাড়ে ৯৫ কেজি গাঁজা বাজেয়াপ্ত করে পুলিশ। বিহারের ছাপড়ার বাসিন্দা ট্রেলারচালক সঞ্জয় রায়কে গ্রেপ্তার করা হয়। বুধবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের বিচার বিভাগীয় হেপাজতের নির্দেশ দেন। ফাঁসিদেওয়ার ওসি চিরঞ্জিৎ ঘোষ বলেন, 'ট্রেলারচালককে জেরা করে পাচারচক্র সম্পর্কে যা যা তথ্য পাওয়া গিয়েছে, সেগুলো যাচাই করা হচ্ছে।'

## বাউল উৎসব

**চোপড়া, ১৭ সেপ্টেম্বর :** চোপড়া ব্লকের বিভিন্ন জায়গায় বুধবার জাঁকজমক সহকারে বিশ্বকর্মাপুজো হয়েছে। এলাকার বিভিন্ন চা কারখানায় উৎসবের আমেজ লক্ষ করা যায়। অন্যদিকে, পুজো উপলক্ষ্যে রাঙ্গাগছ মাছ আড়তে বাউলগানের আসর বসে। উদ্যোক্তারা জানান, এই বাউল উৎসব এবছর অষ্টম বর্ষে পা দিয়েছে।

## উৎসবের দিন সকালে তিনজনকে ধাক্কা পিকআপ ভ্যানের

# মাল শহরে দুর্ঘটনার বলি ১

**সুশান্ত ঘোষ**

**মালবাজার, ১৭ সেপ্টেম্বর :** বিশ্বকর্মাপুজোর দিন সকালে যখন মালবাজার শহর উৎসবের আয়োজনে ব্যস্ত তখনই নিয়ন্ত্রণ হারিয়ে তিনজনকে ধাক্কা মারল একটি পিকআপ ভ্যান। দুর্ঘটনায় প্রাণ হারান এক নিরাপত্তাকর্মী। মারাত্মক আহত হন আরও দুজন।

বুধবার সকালে ঘটনাটি ঘটে শহরের একটি পেট্রোল পাম্প এবং ফায়ার ব্রিগেড অফিসের মধ্যবর্তী এলাকায়। প্রত্যক্ষদর্শীরা জানান, ওই সময় বেশ জোরে বৃষ্টি হচ্ছিল। তার মধ্যেই ওই পেট্রোল পাম্পের এক আধিকারিক দেবাশিস পাল তাঁর নিজের মোটরবাইকে বসে পাপ্পু বর্মন ও সত্যেন্দ্রনাথ বসাকের সঙ্গে কথা বলছিলেন। পাপ্পু ওই পাম্পের নিরাপত্তারক্ষী। সেই সময় চালসার



*দুর্ঘটনার পর উদ্ধারকাজে ফায়ার ব্রিগেডের আধিকারিক ও স্থানীয়রা।*

দিক থেকে বেপরোয়া গতিতে ছুটে আসা একটি পিকআপ ভ্যান নিয়ন্ত্রণ হারিয়ে দেবাশিসের বাইকে সজোরে ধাক্কা মারে। ধাক্কার তীব্রতায় বাইকটি ছিটকে রাস্তার ধারে পড়ে যায় এবং পিকআপ ভ্যানটিও নিয়ন্ত্রণ হারিয়ে উলটে যায়। পাপ্পু পিকআপ ভ্যানের নীচে চাপা পড়েন। দেবাশিস ও সত্যেন্দ্রনাথ রাস্তার ধারে ছিটকে পড়ে মারাত্মক আঘাত পান। দুর্ঘটনার পরপরই আশপাশে থাকা লোকজন এবং পাশেই ফায়ার ব্রিগেড কর্মীরা দ্রুত উদ্ধারকাজে এগিয়ে আসেন। তিনজনকে সঙ্গে সঙ্গে নিয়ে যাওয়া হয় মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে। সেখানেই কর্তব্যরত চিকিৎসকরা পাপ্পুকে মৃত ঘোষণা করেন।

দুজনের মধ্যে দেবাশিসের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁকে প্রথমে সিসিইউ-তে রাখা হয়। পরবর্তীতে অবস্থার অবনতি হলে তাঁকে স্থানান্তরিত করা হয় শিলিগুড়ির একটি নার্সিংহোমে। সত্যেন্দ্রনাথ বর্তমানে মালবাজারেই চিকিৎসাধীন। তাঁর অবস্থা স্থিতিশীল বলে হাসপাতাল সূত্রে জানা গিয়েছে।

এদিকে, দুর্ঘটনার পরই পিকআপ ভ্যানের চালক গাড়ি ফেলে পালিয়ে যান। মাল থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গাড়িটি এবং দুর্ঘটনাগ্রস্ত মোটরবাইকটি উদ্ধার করে থানায় নিয়ে যায়। পুলিশ জানিয়েছে, চালককে ধরতে তল্লাশি শুরু হয়েছে। ঘটনার তদন্ত চলছে।

## তিন মাস পর স্কুটার উদ্ধার

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** চুরি যাওয়া স্কুটার উদ্ধার করল ভক্তিনগর থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, মাস তিনেক আগে সেই স্কুটার চুরি গিয়েছিল। সে ব্যাপারে গত সপ্তাহে ভক্তিনগর থানার দ্বারস্থ হন সেই স্কুটারের মালিক।

ঘটনার তদন্তে নেমে মঙ্গলবার রাতে সেবক রোড থেকে অভিযুক্ত সৌরভ ঘোষকে গ্রেপ্তার করে ভক্তিনগর থানার পুলিশ। ধৃতকে বুধবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

## রক্তদান শিবির

**ইসলামপুর, ১৭ সেপ্টেম্বর :** অখিল ভারতীয় তেরাপন্থ যুবক পরিষদের উদ্যোগে এবং ইসলামপুর মহকুমা প্রেস ক্লাব ও ভারতীয় রেডক্রস সোসাইটির সহযোগিতায় বুধবার ইসলামপুর শহরের জৈন ভবন ও আলুয়াবাড়ি রোড স্টেশনে দুটি রক্তদান শিবির আয়োজিত হয়। দুটি শিবিরেই রেলকর্মীরা রক্তদান করেন। জৈন ভবন থেকে ৪৫ ইউনিট এবং আলুয়াবাড়ি রোড স্টেশন থেকে ২৩ ইউনিট অর্থাৎ মোট ৬৮ ইউনিট রক্ত সংগৃহীত হয়েছে বলে মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাংক সূত্রে খবর।

# বোনাসের খবর নেই, কিস্তিতে চাঁদা চা বাগানে

**মনজুর আলম**

**চোপড়া, ১৭ সেপ্টেম্বর :** চোপড়া ব্লকের মাঝিয়ালি গ্রাম পঞ্চায়েতের দেবীঝোরা চা বাগানের শ্রমিকদের আয়োজিত পুজো ঘিরে উৎসবের আমেজ চলে এলেও বোনাস না মেলায় উৎসবের রং যেন ফিকে হয়ে গিয়েছে। কিন্তু পুজোর প্রস্তুতিতে যাতে কোনও খামতি না থাকে সেজন্য দুই কিস্তিতে চাঁদা দিচ্ছেন শ্রমিকরা। রাধা সিংহ নামে এক শ্রমিকের কথায়, 'মালিকপক্ষ সহযোগিতা করলেও শ্রমিকদের চাঁদা দিয়ে প্রতিবার এই পুজোর আয়োজন করা হয়। এবছর শ্রমিকদের থেকে ১৮০ টাকা করে চাঁদা ধার্য করা হয়েছে। বোনাস পাইনি, তাই দুই কিস্তিতে চাঁদা দেব। সাপ্তাহিক বেতন থেকে আপাতত ৯০ টাকা দিয়েছি। আবার যখন বেতন পাব তখন বাকি চাঁদা দিয়ে দেব।'

প্রত্যন্ত গ্রামীণ এলাকার এই পুজো এখন সর্বজনীন হয়ে উঠেছে। এবছর এই পুজো ৫৭ বছরে পড়তে চলেছে। কয়েক বছর থেকে এখানে থিমপুজোর আয়োজন করা হয়। এবার মণ্ডপটি হিমাচলপ্রদেশের একটি বৌদ্ধ মন্দিরের আদলে তৈরি করা হচ্ছে। থিমের সঙ্গে মানানসই আলোকসজ্জাও দেখা যাবে।

পুজো কমিটির সম্পাদক সৌম্যদ্বীপ ঘোষ রায় বলেন, 'যুদ্ধ নয়, শান্তি চাই-এই বার্তা সকলের কাছে পৌঁছে দিতে বৌদ্ধ গুম্ফার আদলে মণ্ডপ তৈরি হচ্ছে। এছাড়া ক্লাবের পক্ষ থেকে বস্ত্র বিলি করা হবে। পুজোকে কেন্দ্র করে সপ্তমী থেকে তিনদিন ব্যাপী জমজমাট মেলা বসে।' তিনি আরও জানান, এবার শ্রমিকরা এখনও বোনাস পাননি। তাই তাঁদের থেকে দুই কিস্তিতে পুজোর চাঁদা নেওয়া হচ্ছে। বছরভর শ্রমিকরা কাজে ব্যস্ত থাকলেও উৎসবের কয়েকদিন তাঁরা প্রত্যেকে আনন্দে মেতে ওঠেন। শ্রমিকদের আয়োজিত পুজোর মূল আকর্ষণ হল আদিবাসী নৃত্য। অষ্টমীতে এখানে আদিবাসী নাচের প্রতিযোগিতা হবে। এই নাচ দেখতে আশপাশের গ্রাম থেকে অনেক মানুষ ভিড় জমান।

বাগান শ্রমিকদের মধ্যে কর্ণ রায় বলেন, 'আগে আমার বাবা এই পুজোর একজন উদ্যোক্তা ছিলেন। এখন আমরা এই পুজোর হাল ধরেছি।' আরেক শ্রমিক বিশ্বনাথ রায় বলেন, 'আমরা সবাই সারাবছর এই উৎসবের অপেক্ষায় থাকি। আমরা নিজেরাই চাঁদা দিতে এগিয়ে যাই। তবে এবার শ্রমিক মহল্লায় সবাই বোনাসের দিকে চেয়ে রয়েছেন।'

**ফিকে উৎসব**

- দেবীঝোরা চা বাগানের শ্রমিকদের থেকে ১৮০ টাকা করে চাঁদা ধার্য করা হয়েছে
- বোনাস না মেলায় তাঁরা দুই কিস্তিতে চাঁদা দিচ্ছেন
- সাপ্তাহিক বেতন থেকে তাঁদের মধ্যে অনেকে ৯০ টাকা দিয়েছেন
- বাকি টাকা বেতন পেলে দেবেন বলে জানিয়েছেন

অন্যদিকে, লোছুগছ এলাকার মাতৃ চা বাগানের পুজো ঘিরে তৎপরতা এখন তুঙ্গে। এই পুজোরও বিশেষ আকর্ষণ হল আদিবাসী নৃত্য। বাগানের শ্রমিক ও মালিক পক্ষের যৌথ উদ্যোগে এই পুজোর আয়োজন করা হয়। এই চা বাগানের শ্রমিকদের মধ্যে শংকর ওরাওঁ বলেন, 'এবছর আমরা সবাই ১০০ টাকা করে চাঁদা দিয়েছি। বাগানে মোট ৯০০ জন শ্রমিক রয়েছেন। তবে এই পুজোয় মালিকও সহযোগিতা করেন।' আরেক শ্রমিক লোভনা ওরাওঁ-এর কথায়, 'নবমীতে আয়োজিত আদিবাসী নৃত্যে চারপাশ জমে ওঠে। বোনাস হাতে পেলে উৎসবের আনন্দ আরও বেড়ে যাবে।'

# পরিচ্ছন্নতার চ্যালেঞ্জে সাফল্য পুলিশের

**পিকাই দেবনাথ ও নৃসিংহপ্রসাদ গঙ্গোপাধ্যায়**

**কামাখ্যাগুড়ি ও কুমারগ্রাম, ১৭ সেপ্টেম্বর :** কুমারগ্রাম থানার অন্তর্গত কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়ি এবং বারবিশা পুলিশ ফাঁড়িকে যেন চেনাই যাচ্ছে না। আলিপুরদুয়ারের জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশীর নির্দেশের পর এমনই দৃশ্য চোখে পড়েছে কুমারগ্রাম থানা এলাকায়। কোথাও নেই কোনও আবর্জনা, প্লাস্টিক বা গাছের পাতাও।

জেলা পুলিশ সুপার হিসেবে দায়িত্ব নেওয়ার পরই স্থানীয় বাসিন্দা ও পুলিশকর্মীদের উদ্দেশে প্রতিটি থানা ও পুলিশ ফাঁড়িকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নির্দেশিকা জারি করেছিলেন ওয়াই রঘুবংশী। যাতে থানা চত্বরে কোনওভাবেই প্লাস্টিকের প্যাকেট, খালি জলের বোতল ইত্যাদি আবর্জনা না পড়ে থাকে। পানের পিকের মতো হরেক তামাকজাত দ্রব্যে ও উচ্ছিষ্টের দিকেও কড়া নজর রাখতে বলা হয়েছিল। পুলিশকর্মী ও আধিকারিকরা যে সেই কাজে হাত লাগিয়েছেন, কুমারগ্রাম থানা এলাকার ছবিতেই তা স্পষ্ট।

একথা ঠিক যে পুলিশকর্মীদের ব্যস্ততা, থানা ও ফাঁড়ি চত্বরে রোজ বহু মানুষের সমাগমের জন্য পরিচ্ছন্নতা বজায় রাখার ক্ষেত্রে চ্যালেঞ্জের মুখে পড়তে হচ্ছিল পুলিশ আধিকারিকদের। তবে যা-ই হোক না কেন, থানা ও পুলিশ ফাঁড়ি এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং সৌন্দর্যায়নের ক্ষেত্রে কোনওরকম অজুহাত শোনা হবে না বলে সাফ জানিয়ে দিয়েছিলেন জেলা পুলিশের আধিকারিকরা। গত সোমবার কুমারগ্রাম থানার পাশাপাশি কামাখ্যাগুড়ি ফাঁড়ি ও বারবিশা ফাঁড়ির পরিদর্শনে গিয়েছিলেন জলপাইগুড়ি



*কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়ি।*

রেঞ্জের ডিআইজি সন্তোষ নিম্বলকর, পুলিশ সুপার ওয়াই রঘুবংশী সহ জেলা পুলিশের অন্য শীর্ষকর্তারাও।

তবে সেই পরিদর্শনের আগেই থানা পরিষ্কার-পরিচ্ছন্ন করতে এবং পুলিশ ফাঁড়িগুলিকে আরও ঢেলে সাজানোর উদ্যোগ নিয়েছিলেন পুলিশ আধিকারিকরা। পরিকল্পনামতো কুমারগ্রাম থানায় ঢোকার মূল ফটকের আশপাশের সমস্ত আবর্জনা সাফাই করার পাশাপাশি থানার শতাব্দীপ্রাচীন ভবনের অন্দরমহল চুনকাম করা হয়। এছাড়া সাধারণ মানুষের জন্য থানার ভেতরে রঙিন পেভার্স ব্লকের রাস্তা তৈরি করা হয় এবং প্রত্যেকটি ফুল গাছের নতুন করে পরিচর্যা করে পুরোনো টবগুলি পরিবর্তন করা হয়। একইভাবে কুমারগ্রাম থানার অন্তর্গত কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়িকেও ঢেলে সাজানো হয়েছে। বাদ যায়নি বারবিশা পুলিশ ফাঁড়িও। স্বাভাবিকভাবেই পুজোর আগে থানা ও পুলিশ ফাঁড়িগুলির চেহারা পরিবর্তনে পুলিশ আধিকারিকদের পাশাপাশি খুশি স্থানীয় বাসিন্দারাও।

কুমারগ্রাম থানার আইসি শমীক চট্টোপাধ্যায় বলেন, 'আমরা সবসময়ই চাই থানা এবং ফাঁড়িগুলি পরিষ্কার-পরিচ্ছন্ন থাকুক। সেদিকে নজর থাকে। আগামীতেও থানা ও ফাঁড়িগুলির পরিচ্ছন্নতার দিকে বিশেষভাবে নজর রাখব।'

**সুপারের নির্দেশ**

পুলিশ সুপার হিসেবে দায়িত্ব নেওয়ার পর স্থানীয় বাসিন্দা ও পুলিশকর্মীদের প্রতিটি থানা ও ফাঁড়িকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নির্দেশ দিয়েছিলেন

রোজকার ব্যস্ততা ও বহু মানুষের সমাগমের কারণে পুলিশ আধিকারিকদের কাছে পরিচ্ছন্নতা বজায় রাখা ছিল রীতিমতো চ্যালেঞ্জ

পুলিশ সুপারের নির্দেশমতো থানা ও ফাঁড়ি চত্বরের সৌন্দর্যায়নের উদ্যোগ নেয় কুমারগ্রাম থানা

# পুজোর লুকে ট্রেন্ডি চমক



পুজোর সাজ বলে কথা। স্বভাবতই মহিলারা এ নিয়ে একটু বেশি ভাবেন। অনেকদিন ধরে এনিয়ে অনেক পরিকল্পনা চলে। অবশ্য জেন জেড-এর কথা আলাদা। তারা এখন আরামের সঙ্গে স্টাইলকে মিলিয়ে নিয়েছে। তাই এখন জেন জেড-এর ফ্যাশন ট্রেন্ড হল একইসঙ্গে আরামদায়ক, কেতাদুরস্ত এবং স্মার্ট। এককথায় ঐতিহ্য আর আধুনিকতার মিশেলের সঙ্গে প্রাচ্য ও পাশ্চাত্য ভাবনার ছোঁয়া। এবার এটাই নাকি পুজোর লুক, আলোকপাত করলেন পারমিতা রায়



## চুলের ঔজ্জ্বল্য

পুজোর সাজ মানে এখন আর শুধু নতুন জামা পরা নয়। সঙ্গে চাই মানানসই হেয়ারকাট এবং ত্বকের ঔজ্জ্বল্য। ইতিমধ্যে শহরের পার্লারগুলিতে ভিড় দেখা যাচ্ছে। এবার পুজোয় চুল এবং ত্বককে আকর্ষণীয় করে তুলতে বিভিন্ন অনুষঙ্গের ও খরচের ট্রিটমেন্ট দেওয়া হচ্ছে।

## ন্যানোপ্লাস্টিয়া

পুজোর সময় যতই ভালো জামাকাপড় পরা হোক না কেন হেয়ার স্টাইলটা মনের মতো না হলে সাজটা যেন ফোটে না। তবে এই যুগে যেখানে খাবার থেকে শুরু করে জল সবকিছুতে কমবেশি দূষণের প্রভাব দেখা যায় সেখানে চুল রুক্ষ হয়ে যাওয়া খুব স্বাভাবিক ঘটনা। সারাবছর যেমন হোক না কেন পুজোর সময় সবাই চায় তার চুলেও যেন ন্যাচারাল গ্লো থাকে। এর জন্য পার্লারগুলিতে বর্তমানে ন্যানোপ্লাস্টিয়া, ক্যারিটিন, স্মুদনিং, বোটক্সের মতো হেয়ার ট্রিটমেন্ট করা হচ্ছে। এই ট্রিটমেন্ট করানোর ফলে চুল অনেকটা রেশমের মতো মোলায়েম হয়ে যায়। একেকটি ট্রিটমেন্টে একেক ধরনের রাসায়নিক ব্যবহার করা হয়।

## হেয়ার কালার

পুজো এলে অনেকে চুলে রং করান। এই হেয়ার কালারেও এসেছে নতুনত্ব। গ্লোবাল হেয়ার কালার থেকে শুরু করে বালিয়াজ, হাইলাইটের ট্রেন্ড চলছে। যাঁরা চাইছেন সম্পূর্ণ চুল রং করাবেন না তাঁরা হাইলাইট করাচ্ছেন। আবার অনেকে চান সম্পূর্ণ চুলে একইরকম কালার রাখবেন তাঁরা করাচ্ছেন গ্লোবাল কালার। একেক ক্ষেত্রে খরচ একেক রকম।

## ত্বকের জেল্লা

চুলের যত্নের পাশাপাশি ত্বকের জেল্লা বাড়াতে হবে। কিন্তু মেকআপের জেল্লা নয়, এখন সবাই চায় বিভিন্নরকমের ফেসিয়ালের মাধ্যমে ত্বককে ভেতর থেকে সুন্দর করে তুলতে। চিরাচরিত ফ্রুট বা সিলভার বা গ্লোড ফেসিয়াল নয়, এখন সবাই স্কিন পলিশিং, হাইড্রা ফেসিয়ালের দিকে ঝুঁকেছে।





## রিয়ার কথা

পুজোর কয়েক সপ্তাহ বাকি থাকতে পার্লারে গিয়ে চুলে ন্যানোপ্লাস্টিয়া করিয়েছি। এর আগে চুলে স্মুদনিং করিয়েছিলাম। অনেকদিন হয়ে গিয়েছে তাই চুল কিছুটা রুক্ষ হয়ে গিয়েছিল। একটু বেশি খরচ পড়লেও এবার ন্যানোপ্লাস্টিয়া ট্রিটমেন্টটা নিলাম। ভালো ফল পেয়েছি।

## চলতি ট্রেন্ড

এই বছর চুলে বোটক্স এবং ন্যানোপ্লাস্টিয়া করানোর চাহিদা বেশি। প্রায় প্রতিদিন গড়ে ৫ জন ন্যানোপ্লাস্টিয়া বা বোটক্স ট্রিটমেন্ট করাচ্ছেন। একথা জানালেন মাটিগাড়ার এক স্যালনের মালিক সুমিত শা। এই ট্রিটমেন্টগুলি করাতে চুলের দৈর্ঘ্য অনুযায়ী দুই থেকে তিন হাজার টাকা লাগে। যে কোনও ট্রিটমেন্টের ভালো ফল পেতে অনেকে পুজোর সপ্তাহখানেক আগে স্যালনে চলে আসছেন।

## কাজের চাপ

এই পুজোর এক মাস আগের থেকে আমাদের কাজের চাপ বেড়ে যায়। এখন আমাদের প্রতিদিন রাত অবধি পার্লারে কাজ করতে হয়। বললেন পার্লারকর্মী সুস্মিতা শর্মা। ট্রিটমেন্ট নেবেন চিন্তা করলে অনেকে পুজোর সময় আগের থেকে বুকিং করে রাখেন।

# এবার বাবুপাড়ায় রামেশ্বরম দর্শন

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** বদ্রীনাথ, দ্বারকা, পুরী ও রামেশ্বরম- এই চার মন্দিরকে একত্রে বলা হয় চারধাম। হিন্দু ধর্মের অনেক মানুষই জীবনে একবার চারধাম স্পর্শ করতে চান। তবে চারটি মন্দিরের একটিও পশ্চিমবঙ্গে নয়। তাই ইচ্ছে থাকলেও বিপুল খরচ করে সকলের পক্ষে চারধাম দর্শন করা সম্ভব হয় না। তবে, শিলিগুড়িবাসীকে তীর্থ ভ্রমণের 'স্বাদ' দিতে চলতি বছরের দুর্গাপুজোয় বাবুপাড়ার ইয়াং মেন অ্যাসোসিয়েশন (ওয়াইএমএ) ক্লাবের মণ্ডপ তৈরি হচ্ছে তামিলনাড়ুর রামেশ্বরম মন্দিরের আদলে। মন্দিরটি দ্বাদশ জ্যোতির্লিঙ্গের মধ্যেও একটি।

এবার ইয়াং মেন অ্যাসোসিয়েশনের পুজোর ৮০তম বর্ষ। পুজোর বাজেট ২৫ লক্ষ টাকা। জোরকদমে চলছে রামেশ্বরম মন্দিরের আদলে মণ্ডপ তৈরির কাজ। মণ্ডপসজ্জার দায়িত্বে শিলিগুড়ির শিল্পী সম্রাট চৌধুরী। থার্মোকল ও আয়রন শিট ব্যবহার করে মণ্ডপটি তৈরি হচ্ছে। মণ্ডপসজ্জায় আলোর ঝলকানি শহরবাসীর চোখে লেগে থাকবে বলে দাবি ক্লাবকর্তাদের।

মণ্ডপের সঙ্গে সামঞ্জস্য রেখে তিনবাত্তির শিল্পী অজিত পাল তৈরি করছেন ডাকের সাজের ২০ ফুট লম্বা দুর্গা প্রতিমা। তিনি জানালেন, এত বড় প্রতিমা তৈরি করতে একটু বেশিই খাটনি হচ্ছে। সময়ও লাগছে অনেক। তবে কাজ প্রায় শেষের দিকে। তাঁর বিশ্বাস সময়ের মধ্যেই প্রতিমা তৈরি সম্পন্ন হবে।




তৃতীয়ায় মায়ের বোধন করতে চাইছেন ওয়াইএমএ ক্লাবের সদস্যবৃন্দরা। তাই দিনরাত এক করে মণ্ডপের কাজে যুক্ত শিল্পীদের তাঁরা উৎসাহ দিয়ে যাচ্ছেন।

ক্লাবের সম্পাদক সম্রাট মালাকার বলেন, 'রামানাথাস্বামীর রামেশ্বরম মন্দির শিল্পীর ভাবনায় রূপান্তরিত হচ্ছে। আশা করি প্রতি বছরের ন্যায় এবারেও আমাদের পুজো দেখতে প্রচুর দর্শনার্থীর সমাগম হবে।'

আজ থেকে ৮০ বছর আগে ইয়াং মেন অ্যাসোসিয়েশনের পুজোর সূত্রপাত। তবে এখনও পুজোটিকে বাঁচিয়ে রেখেছেন ক্লাবের সদস্যরা। একসময় তাঁদের পূর্বপুরুষরা পুজো করতেন। তাঁদের দেখানো পথেই পুজো হয়। পঞ্চমী থেকে নবমী পর্যন্ত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান করা হয়। অষ্টমীতে বস্ত্র বিতরণ ও দরিদ্রনারায়ণ সেবার ব্যবস্থা হয়। এবছরও তার ব্যতিক্রম হচ্ছে না।

চলতি বছর ক্লাবের সদস্য এবং তাঁদের পরিবারের সদস্যরা রক্তদান করবেন। পুজোর থিম কী হবে বা প্রতিমা কোথা থেকে আসবে, তা ক্লাবের কর্মকর্তারা ঠিক করলেও দেবীর আরাধনার সমস্ত আয়োজনের দায়িত্ব থাকে মহিলা সদস্যদের হাতে। পুজোর বাজার থেকে পুজোর আয়োজন, সবই মহিলারা করেন। স্থানীয় বাসিন্দা সুপ্রিয়া দাশগুপ্ত বলেন, 'পুজোর চারদিনের জন্যে মুখিয়ে থাকি। অনেকের সঙ্গে দেখা হয়। পাড়ার মণ্ডপে আড্ডা, খাওয়াদাওয়া করেই দিন কেটে যায়।'

## নিকাশিনালা বেহাল, ক্ষুব্ধ ইসলামপুর

**ইসলামপুর, ১৭ সেপ্টেম্বর :** টানা বৃষ্টিতে ইসলামপুর শহরের একাধিক ওয়ার্ডে নিকাশিনালার বেহাল দশার ছবিটা স্পষ্ট। নিয়মিত সাফাইয়ের অভাবে নিকাশিনালার এই অবস্থা বলে অভিযোগ ওয়ার্ডবাসীর। এদিকে সামনেই পুজো। পুজোর আগে জমা জলের সমস্যায় ভোগান্তি চরমে। বুধবার বিকেলে মাত্র আধঘণ্টার বৃষ্টিতে টার্মিনাসের পেছনের রাস্তায় জল জমে যায়। স্থানীয়দের সঙ্গে বাস টার্মিনাসের আসা যাত্রীদেরও অসুবিধায় পড়তে হয়।

ইসলামপুর পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল যদিও বলেন, 'সম্প্রতি ওই নিকাশিনালা সাফাই করা হয়েছিল। জল জমার কথা নয়। খোঁজ নিয়ে প্রয়োজনে ফের পদক্ষেপ করব।'






## ফিনালেতে শ্রেয়াংশ

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** শিলিগুড়ির সেন্ট মাইকেলস স্কুলের অষ্টম শ্রেণির ছাত্র শ্রেয়াংশ সান্যাল কলিন্স স্পেলিং বি সিজন ৬-এর গ্র্যান্ড ফিনালের জন্য নির্বাচিত হয়েছে। শিলিগুড়ির বাসিন্দা শ্রেয়াংশ আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২৫-এ নয়াদিল্লির ব্রিটিশ কাউন্সিলে এই প্রতিযোগিতার গ্র্যান্ড ফিনালেতে অংশ নেবে।

এই প্রতিযোগিতার প্রাথমিক পর্যায়গুলি অগাস্ট মাসের দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠিত হয়েছিল। হাজার হাজার প্রতিযোগীর মধ্যে থেকে মাত্র ৩৬ জন সেমিফাইনালে নিজেদের জায়গা পাকা করে। সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে সেমিফাইনালটি অনুষ্ঠিত হয়, যেখানে শ্রেয়াংশ ফাইনালের জন্য নির্বাচিত ১২ জন প্রতিযোগীর মধ্যে নিজের স্থান করে নেয়। ফাইনালে এই ১২ জন প্রতিযোগীর মধ্যে সেরার শিরোপা ছিনিয়ে নেওয়ার জন্য জমজমাট লড়াই হবে।

## মন্দিরেও দেবশিল্পী

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** শুধু বছরে একদিন নয়, খালপাড়ার মন্দিরে বছরভর পূজিত হন বিশ্বকর্মা। বুধবার শহরের বিভিন্ন জায়গার পাশাপাশি খালপাড়ার মন্দিরেও জাঁকজমকের সঙ্গে বিশ্বকর্মাপুজোর আয়োজন করা হয়। দূরদূরান্ত থেকে অনেকে এসেছিলেন পুজো দিতে। মোটরবাইক, স্কুটার ও গাড়ির পুজো দিতে লম্বা লাইন পড়ে গিয়েছিল। মন্দিরের পূজারি লক্ষ্মীনারায়ণ ঝাঁ বললেন, 'বহু বছর ধরে আমার পরিবার মন্দিরের সেবায় যুক্ত রয়েছে। এলাকার সবাই মিলে নিষ্ঠার সঙ্গে পুজো করি।' ১৯৮৫ সাল থেকে খালপাড়ার মন্দিরে বিশ্বকর্মাপুজো হয়ে থাকে। তবে বছরের এই বিশেষ দিনের জন্য অনেক আগে থেকে প্রস্তুতি শুরু হয়ে যায়। মন্দির ও সংলগ্ন এলাকাকে আলো ও ফুল দিয়ে সাজিয়ে তোলা হয়। এবছরও নিষ্ঠা সহকারে পুজো সম্পন্ন হয়েছে।

# নিয়ম ভেঙে ছাদে ক্যাফে

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** রুফটপ ক্যাফে এবং রেস্তোরাঁকে নিয়মে বাঁধতে চাইছে রাজ্যের পুর ও নগরোন্নয়ন দপ্তর। যার জন্য নির্দিষ্ট করে দেওয়া হয়েছে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (এসওপি)। অর্থাৎ এখন থেকে এসওপি মেনে চলতে হবে রাজ্যের সমস্ত রুফটপ ক্যাফে এবং রেস্তোরাঁকে। ইতিমধ্যে কলকাতা পুরনিগম এলাকায় এই নির্দেশিকা কার্যকরের প্রক্রিয়া শুরু হয়েছে। শিলিগুড়িতে হবে কবে, উঠছে প্রশ্ন। বর্তমান শহরে রুফটপ ক্যাফে এবং রেস্তোরাঁর সংখ্যা কম নয়। ফায়ার লাইসেন্স ছাড়া এবং পর্যটকদের সুরক্ষায় নজর না দিয়েই ক্যাফে, রেস্তোরাঁ চলছে বলে অভিযোগ। তাই শিলিগুড়িতেও পুর ও নগরোন্নয়ন দপ্তরের এসওপি কার্যকর করার দাবি তুলেছেন বিরোধীরা। পুরনিগম সূত্রে খবর, বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে এমআইসি বৈঠকেও। বিরোধী দলনেতা অমিত জৈনের বক্তব্য, 'শহরে অনেক রুফটপ ক্যাফে রয়েছে, যেখানে অগ্নিনির্বাপণের কোনও ব্যবস্থা নেই। সিঁড়ি এতটাই সংকীর্ণ যে একজন মানুষ ঠিকমতো উঠতে পারেন না। তাই শিলিগুড়িতেও দ্রুত এসওপি কার্যকর করা প্রয়োজন।' মেয়র গৌতম দেব বলছেন, 'আমরা বিষয়টি নিয়ে আলোচনা করেছি। যা গাইডলাইন রয়েছে, তা মেনেই কাজ করা হবে। সবাইকে সেটা মানতে হবে।'

এয়ারভিউ মোড় থেকে তিনবাত্তি মোড়, মাল্লাগুড়ি থেকে চম্পাসারি, শহরের সর্বত্র এখন রুফটপ ক্যাফের দেখা মেলে। একাধিক ক্যাফেতে স্ন্যাক্সের পাশাপাশি মদও বিক্রি হয় বলে অভিযোগ। পাওয়া যায় অন্যান্য খাবারও। কিন্তু ক্যাফেগুলিতে অগ্নিনির্বাপণের কোনও ব্যবস্থা নেই। নেই গ্রাহকদের সুরক্ষার কোনও ব্যবস্থা। অধিকাংশ ক্যাফের সিঁড়ি সংকীর্ণ। কেউ কেউ আবার ছাদে ওঠার জন্যে পৃথকভাবে লোহার সিঁড়ি তৈরি করেছেন। প্রকাশ্যেই এলপিজি সিলিন্ডার ব্যবহার করে রান্না করা হচ্ছে। বেশ কয়েকটি ক্যাফেতে আবার ছাদের চারদিকে রেলিংও নেই। সম্প্রতি কলকাতায় রুফটপ ক্যাফেতে দুর্ঘটনার পরেই সেখানকার সমস্ত ক্যাফে বন্ধ রাখার নির্দেশ দিয়েছিল কলকাতা পুরনিগম। এরপরেই এসওপি তৈরির কাজ শুরু হয়। দিনতিনেক আগে এসওপি কার্যকর করেছে রাজ্যের পুর ও নগরোন্নয়ন দপ্তর। এসওপি অনুযায়ী, ছাদে কোনও নতুন নির্মাণ করা যাবে না। এধরনের নির্মাণ ভেঙে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ব্যক্তিগত মালিকানাধীন ছাদে ক্যাফে করা যাবে না। ছাদে তালা দেওয়া বা কারও প্রবেশে বাধা দেওয়া চলবে না। ছাদের অর্ধেক জায়গা খোলা রাখতে হবে। ছাদে সিসিটিভি বসাতে হবে। সেই সিসিটিভির ফুটেজ নিয়ম করে পুলিশকে দিতে হবে। রান্নার জন্য এলপিজি সিলিন্ডার ব্যবহার করা যাবে না। বৈদ্যুতিক চুল্লি, ইনডাকশন ওভেন কিংবা মাইক্রোওভেনে রান্না করতে হবে। মেঝে এবং আসবাবপত্র এমন সামগ্রী দিয়ে তৈরি করতে হবে যাতে অগ্নিকাণ্ডের সম্ভাবনা কম হয়। ছাদে কোনও বিজ্ঞাপন ও হোর্ডিং ব্যবহার করা যাবে না। এই সমস্ত নির্দেশিকা মানলে তবেই ছাদে ক্যাফে চালানো যাবে।

এসওপি কার্যকর হলে কার্যত সমস্ত ক্যাফেই বন্ধ হয়ে যাবে। কেননা, কেউই নিয়ম মেনে ক্যাফে তৈরি করেননি। সব ক্যাফেই ব্যক্তিগত মালিকানাধীন ছাদে রয়েছে। বাকি ক্ষেত্রেও নিয়ম মানা হয়নি। যেমন, এয়ারভিউ মোড়ে একটি হোটেলের ছাদে থাকা ক্যাফেতে শেড দেওয়া রয়েছে। ওই শেডের কোনও অনুমতি নেই। সেবক রোডের তিন মাইলের কাছে থাকা একটি বিলাসবহুল হোটেলের ছাদের থাকা ক্যাফেতে অগ্নিনির্বাপক আসবাবপত্র নেই।

**দুই ফুল, এক সুর**

- রুফটপ ক্যাফে এবং রেস্তোরাঁকে নিয়মে বাঁধতে এসওপি পুর ও নগরোন্নয়ন দপ্তরের
- এসওপি অনুযায়ী ব্যক্তিমালিকাধীন ছাদে হবে না ক্যাফে, বাধ্যতামূলক অগ্নিনির্বাপণ ব্যবস্থা
- দুর্ঘটনা রোধে বেড়ির পক্ষে বিজেপি, এসওপি নিয়ে আলোচনায় শাসক তৃণমূলও

# হরেক রঙে বিশ্বকর্মা-বন্দনা

**শমিদীপ দত্ত ও অনিকেত রায়**

**শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর :** বুধবার সকাল থেকে দেবশিল্পী বিশ্বকর্মার পুজোকে কেন্দ্র করে উৎসবের আমেজ শহর শিলিগুড়িতে। ঢাকের আওয়াজ আর মন্ত্রপাঠের সঙ্গে আনন্দের আমেজ আরও বেশ কয়েকগুণ বাড়িয়ে দিল বাড়তি কিছু সংযোজন। ঢাকের ঢ্যাং-কুড়াকুড় শব্দের সঙ্গে সঙ্গ দিল নৈনিতাল থেকে নিয়ে আসা রাকেশদের ঢোলের বোল। আর শহরে মালা বিক্রি করতে এসে স্মৃতিচারণার মধ্যে দিয়ে শহরের সাম্প্রদায়িক ঐক্যের কথা বললেন মহম্মদ গনি। বললেন, 'প্রত্যেক বছর পুজোর এই সময় আসি মালার পসরা নিয়ে। সেই ছোট বয়স থেকে আসছি। শহর এখন অনেকটাই বেড়েছে আড়েবহরে। তবে আমাদের সঙ্গে শহরবাসীর মালার সম্পর্ক সেই চিরাচরিত।'

বৃহস্পতিবার বর্ধমান রোড দিয়ে বেশ কয়েকটি ঢোল সঙ্গে নিয়ে ঘুরছিলেন অংশু। পুজোর প্রস্তুতির মধ্যে সেই ঢোলকের আওয়াজ কানে এসেছিল পুজো উদ্যোক্তা আশিস দাসের। আশিস তখন ব্যস্ত বিশ্বকর্মাপুজোর মণ্ডপ সাজাতে। অংশুর দিকে ছুটে গিয়ে তিনি বলেন, 'ঢোলক কত করে?' উত্তরে 'দেড়শো' টাকা শুনতেই কিনে নেন আর কিছু না ভেবে। অংশুর কথায়, 'সোশ্যাল মিডিয়ায় শিলিগুড়ি সম্পর্কে জানতে পারি। এবারই প্রথম শিলিগুড়িতে আসা।' অংশুর বাড়ি হালওয়ানি রেলস্টেশন এলাকায়।




*বাইক পুজোতে ব্যস্ত পুরোহিত। বুধবার শিলিগুড়িতে। ছবি : সূত্রধর*

গ্রামের অধিকাংশ বাসিন্দা ঢোলক বানিয়ে দেশজুড়ে বিক্রি করেন। কেমন লাগছে শিলিগুড়ি? প্রশ্ন শুনে মুখে চওড়া হাসি নিয়ে বললেন, 'শহরের মানুষ আনন্দ করতে ভালোবাসেন। আমরা পাঁচজন এসেছি। প্রতিদিন কম করে দুটো ঢোলক প্রত্যেকের বিক্রি হচ্ছে।'

আসলে এই শহর বরাবরই সবাইকে আপন করে নিতে ভালোবাসে। সেই কথাই বলছিলেন মুজফফরপুর থেকে আসা মহম্মদ হাসান। তাঁর কথায়, 'আমরা বংশপরম্পরায় পুজোর এই মরশুমে শহর শিলিগুড়িতে এসে মালা বিক্রি করছি। বিভিন্ন সময় সাম্প্রদায়িক বিদ্বেষমূলক ঘটনা দেশের বিভিন্ন জায়গায় হলেও শিলিগুড়ি রয়েছে শিলিগুড়িতেই।' মহম্মদ হাসানের কথাগুলো শুনছিলেন বিপ্লব দাস। মুখে হাসি নিয়ে বলেন, 'আসলে এই সবকিছু নিয়েই শহরে ভালোবাসার আমেজ। সবাই মিলেই আনন্দ করাটা এই শহরের চিত্র।'

এদিকে, শিলিগুড়ি টাউন স্টেশনে বিশ্বকর্মাপুজোর আগের দিন থেকেই মালদা, বালুরঘাট, হলদিবাড়ি ও আশপাশের বিভিন্ন এলাকা থেকে ভিড় জমান বিভিন্ন এলাকার ঢাকিরা। তবে স্টেশনে কমেছে ট্রেন এবং মানুষের আনাগোনা। তবু প্রায় পরিত্যক্ত স্টেশনে উত্তরবঙ্গের ঢাকিরা আসেন। তাই ঢাকের আওয়াজে গমগম করে এই দুটো দিন। গত কয়েক বছর মন্দা নেমে এসেছে ঢাকিদের জীবনে। মালদা থেকে আসা বিভূতি রবিদাস জানালেন, 'আমার বয়স এখন সত্তর ছুঁইছুঁই। পাঁচ দশক হল আসছি। কখনও এত খারাপ বাজার দেখিনি।' বুধবারে শহরে ধুমধাম করে বিভিন্ন গ্যারাজ, সরকারি অফিস, অটো বা টোটোস্ট্যান্ডে পালিত হয়েছে বিশ্বকর্মাপুজো। অধিকাংশ জায়গায় তারস্বরে ডিজে বক্সে হিন্দি গান বাজতে শোনা গেলেও অল্প কিছু জায়গাতেই শোনা গিয়েছে ঢাকের আওয়াজ।

অরুণ আলোর অঞ্জলি




মহালয়া ১৪৩২

শরৎ। আসে। হাসে। কাশে। আকাশে। আশ্বাসে। আলোর ফুলকি লাগে। তনু-মনে। জীবনে। জীবনছুঁয়ে উঠে আসে গল্পেরা। নবীনে-প্রবীণে, নিবেদনে ১ ডজন গল্প।

পুজোর গল্প

বিপুল দাস — কাটামুণ্ডের রহস্য
সেবন্তী ঘোষ — হেমনলিনীর গল্প
অনির্বাণ নাগ — এক কামরার দূরত্ব
অনিন্দিতা গুপ্ত রায় — সে নহি সে নহি
হিমাংশু রায় — বোদংয়ের প্রথম মহালয়া
মনোমিতা চক্রবর্তী — উপলব্ধি
মৃগাঙ্ক চক্রবর্তী — জানি নাই তো, তুমি এলে



রাজন্যা ভৌমিক — ডাক্তার রায়
শুভ্র মৈত্র — কলের মিস্ত্রি
শুভ্রদীপ চৌধুরি — থিমের নাম জ্বর
শুভ চট্টোপাধ্যায় — মায়ের ডাক
রাজা সাহা — উদ্ভিদ
শবরী চক্রবর্তী — কি জাদু রামের নামে
পুজোর ট্রেন্ড সাইয়ারা

মহালয়ার ভোরে উত্তরবঙ্গ সংবাদ-এর সঙ্গে বিনামূল্যে বিতরণ করা হবে এই বিশেষ সংখ্যা

